দৈনিক ইত্তেফাক

তারিখ ... পৃষ্ঠা ... কলাম ...

# সেশন জট ও সন্ত্রাস নির্মূলই হইবে আমার প্রথম কাজ

------------------নয়া ভিসি, ঢাবি

**সাহাবুল হক** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নূতন ভিসি প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী বলিয়াছেন, ক্যাম্পাসে সন্ত্রাস নির্মূলের জন্য যত কঠোর হওয়া প্রয়োজন আমি হইব। ঢাকা বিশ্ববিদ্যালয়কে সত্যি সত্যি প্রাচ্যের অক্সফোর্ড বানাইব। নূতন ভিসি প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী



(২য় পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## সেশন জট

(প্রথম পৃঃ পর)

গতকাল সোমবার সন্ধ্যায় ইত্তেফাকের সহিত একান্ত সাক্ষাৎকারে এ কথা বলেন। ভিসি হিসাবে দায়িত্ব ভার গ্রহণের পর তিনি অনুভূতি ব্যক্ত করিয়া বলেন, ইহা একটি গুরু দায়িত্ব। সততা ও নিষ্ঠার সহিত আমি দায়িত্ব পালন করিব। বিশ্ববিদ্যালয়কে উন্নততর অবস্থায় নিয়া যাইব। সেশনজট দূর এবং সন্ত্রাস নির্মূল করাই হইবে আমার প্রধান এবং প্রথম দায়িত্ব। প্রফেসর আনোয়ার উল্লাহ চৌধুরী বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের হৃত গৌরব ফিরাইয়া আনিতে আমি বদ্ধপরিকর। ইতিমধ্যে যে মর্যাদা ক্ষুণ্ন হইয়াছে তাহা ফিরাইয়া আনার চেষ্টা করিব। পশ্চিমা ধাঁচের একটি বিশ্ববিদ্যালয় হিসাবে গড়িয়া তুলিব। তিনি বলেন, সন্ত্রাসীরা সাধারণত ছাত্র সংগঠনগুলির ছত্রচ্ছায়ায় সন্ত্রাসী কাজ করিয়া থাকে। পরিবেশ পরিষদের সভায় আমি ছাত্র সংগঠনগুলিকে অনুরোধ জানাইব সন্ত্রাস ও অছাত্র মুক্ত সংগঠন গড়িয়া তোলার জন্য। যদি কোন ছাত্র সন্ত্রাসীদের প্রশ্রয় দেয় তবে তাহাকে সাথে সাথে বিশ্ববিদ্যালয় হইতে বহিষ্কার করিব। তাহার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নিব। প্রধানমন্ত্রী খালেদা জিয়া সন্ত্রাস নির্মূলের যে প্রতিশ্রুতি ব্যক্ত করিয়াছেন সে অনুসারেই কাজ করিব। বিশ্ববিদ্যালয়ের অনির্ধারিত ছুটি যদি বন্ধ করা যায় তবে সেশন জট কমিয়া আসিবে। ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ে যে সেশনজটের সৃষ্টি হইয়াছে তাহা দূর করার জন্য সহকর্মীদের নিয়া আলোচনা করিয়া পরিকল্পনা গ্রহণ করিব। প্রয়োজনবোধে অতিরিক্ত ক্লাস নিব। সময় মতো পরীক্ষার ফলাফল প্রকাশ করিতে পারিলে জট কমিয়া আসিবে। ক্যাম্পাসের হলে হলে সহ অবস্থানের বিষয়ে নূতন ভিসি বলেন, প্রত্যেক ছাত্রই হলে থাকিবে। ছাত্রদল, ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন, ছাত্র শিবির যেই হউক, ছাত্রত্ব থাকিলে হলে থাকিবে। আমি ইহা নিশ্চিত করিব। কেউ রাস্তায় থাকিবে, কেউ হলে থাকিবে– ইহা হইবে না। ভিসি অধ্যাপক একে আজাদ চৌধুরীর অব্যাহতি সম্পর্কে ডঃ আনোয়ার উল্লাহ চৌধুরী বলেন, আমি মনে করি কেহ আইনের উর্ধ্বে নয়। দেশের আইনে কাহারও বিরুদ্ধে যদি ব্যবস্থা নেওয়া হয়, তবে সমস্যা হওয়ার কথা নয়। প্রচলিত আইনেই তাহাকে অব্যাহতি দেওয়া হইয়াছে। বিশ্ববিদ্যালয়ের ৭৩ অধ্যাদেশের বিরুদ্ধে কোন কিছু করা হয় নাই। ডাকসু সম্পর্কে ভিসি বলেন, অচিরেই ডাকসু নির্বাচন এবং হল সংসদ নির্বাচনের উদ্যোগ